

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ৯৫০

১৮/ তলাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৮/৯. স্বামী মারা গেলে মহিলার জন্য ইদাত পর্যন্ত শোক পালন করা ওয়াজিব এবং অন্যদের তিনদিনের বেশি শোক পালন নিষিদ্ধ।

وجوب الإحداد في عدة الوفاة، وتحريمه في غير ذلك إلا ثلاثة أيام

আরবী

হাদিস অম্ম হাব্বিহে রুজ্জ নব্বী সল্লী লল্লাহু আলাইহে ওসল্লাম, ওযিন্বে অভনে জহশ, ওম্ম সল্লামে, ওযিন্বে অভনে আবী সল্লামে: কালত্‌ যিন্বে: দখলত্‌ ওলী অম্ম হাব্বিহে, রুজ্জ নব্বী সল্লী লল্লাহু আলাইহে ওসল্লাম, হিন তুফী আবুহা, আবু সূফিয়ান বন হরব, ফদعت্‌ অম্ম হাব্বিহে بطیب فيه صفره, خلوق أو غيره, فدهنت منه جارية, ثم مسّت بعارضيتها, ثم قالت: واللّه مالي بالطيب من حاجة, غير أنّي سمعتُ رسول الله صلى الله عليه وسلم يقول لا يحل لامرأة تؤمن بالله واليوم الآخر أن تحدّ على ميت فوق ثلاث ليالٍ إلا على زوج, أربعة أشهر وعشراً قالت زينب: فدخلتُ على زينب ابنة جحش, حين تُوفي أخوها, فدعت بطيب فمسّت منه, ثم قالت: أما واللّه مالي بالطيب من حاجة, غير أنّي سمعتُ رسول الله صلى الله عليه وسلم يقول على المنبر لا يحل لامرأة تؤمن بالله واليوم الآخر أن تحدّ على ميت فوق ثلاث ليالٍ إلا على زوج أربعة أشهر وعشراً قالت زينب: وسمعتُ أُمّ سلمة تقول: جاءت امرأة إلى رسول الله صلى الله عليه وسلم فقالت: يا رسول الله إن ابنتي تُوفي عنها زوجها, وقد اشتكت عينها, أفتكحلّها فقال رسول الله صلى الله عليه وسلم: لا مرتين أو ثلاثاً, كلّ ذلك يقول: لا ثم قال رسول الله صلى الله عليه وسلم: إنّما هي أربعة أشهر وعشراً, وقد كانت إحداكن في الجاهلية ترمي بالبعرة على رأس الحول

قال حميد (الراوي عن زينب) فقلت لزينب: وما ترمي بالبعرة على رأس الحول فقالت

زَيْنَبُ: كَانَتْ الْمَرْأَةُ إِذَا تُؤْفِي عَنْهَا زَوْجُهَا، دَخَلَتْ حِفْشًا وَلَبَسَتْ شَرَّ ثِيَابِهَا، وَلَمْ تَمَسَّ طَيِّبًا حَتَّى تَمُرَّ بِهَا سَنَةٌ ثُمَّ تُؤْتَى بِدَابَّةٍ، حِمَارٍ، أَوْ شَاةٍ، أَوْ طَائِرٍ، فَتَفْتَضُّ بِهِ، فَقَلَمًا تَفْتَضُّ بِشَيْءٍ إِلَّا مَاتَ، ثُمَّ تَخْرُجُ فَتُعْطَى بَعْرَةً فَتَرْمِي، ثُمَّ تُرَاجِعُ بَعْدَ مَا شَاءَتْ مِنْ طَيِّبٍ أَوْ غَيْرِهِ

سُئِلَ مَالِكٌ (أَحَدُ رِجَالِ السَّنَدِ) مَا تَفْتَضُّ بِهِ قَالَ: تَمْسَحُ بِهِ جِلْدَهَا

বাংলা

৯৫০. যাইনাব বিনত আবু সালামাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী উম্মু হাবীবাব পিতা আবু সুইয়ান ইবনু হারব (রাঃ) মৃত্যুবরণ করলে আমি তার কাছে উপস্থিত হই। উম্মু হাবীবাহ (রাঃ) জাফরান ইত্যাদি মিশ্রিত হলদে রং এর খুশবু নিয়ে আসতে বললেন। তিনি এক বালিকাকে এ থেকে কিছু মাখালেন। এরপর তাঁর নিজের চেহারার উভয় পার্শ্বে কিছু মাখলেন। এরপর বললেনঃ আল্লাহর কসম! খুশবু ব্যবহার করার কোন প্রয়োজন আমার নেই। তবে আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, আল্লাহ ও পরকালে বিশ্বাসী কোন মহিলার জন্য কারো মৃত্যুতে তিন দিনের বেশী শোক পালন করা বৈধ হবে না। কিন্তু স্বামীর মৃত্যুতে চার মাস দশ দিন শোক পালন করবে।

যাইনাব (রাঃ) বলেনঃ যাইব বিনত জাহশের ভাই মৃত্যুবরণ করলে আমি তার (যায়নারে) নিকট গেলাম। তিনিও খুশবু আনিয়ে কিছু ব্যবহার করলেন। এরপর বললেনঃ আল্লাহ কসম খুশবু ব্যবহার করার কোন প্রয়োজন আমার নেই। তবে আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মিস্বরের উপর বলতে শুনেছিঃ আল্লাহ ও পরকালে বিশ্বাসী কোন মহিলার জন্য কারো মৃত্যুতে তিন দিনের বেশী শোক পালন করা বৈধ হবে না তবে তার স্বামীর মৃত্যুতে চার মাস দশ দিন শোক পালন করতে পারবে।

যাইনাব (রাঃ) বলেনঃ আমি উম্মু সালামাহ (রাঃ)-কে বলতে শুনেছিঃ এক মহিলা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বললঃ হে আল্লাহর রাসূল! আমার মেয়ের স্বামী মারা গেছে। তার চোখে অসুখ। তার চোখে কি সুরমা লাগাতে পারবে? তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'তিন বার বললেন, না। তিনি আরও বললেনঃ এতে মাত্র চার মাস দশ দিনের ব্যাপার। অথচ বর্বরতার যুগে এক মহিলা এক বছরের মাথায় বিষ্ঠা নিক্ষেপ করত।

হুমায়দ বলেন, আমি যাইবকে জিজ্ঞেস করলাম, এক বছরের মাথায় বিষ্ঠা নিক্ষেপ করার অর্থ কি? তিনি বলেন, সে যুগে কোন মহিলার স্বামী মারা গেলে সে অতি ক্ষুদ্র একটি কোঠায় প্রবেশ করতো এবং নিকৃষ্ট কাপড় পরিধান করত, কোন খুশবু ব্যবহার করতে পারত না। এভাবে এক বছর অতিক্রান্ত হলে তার কাছে চতুষ্পদ জন্তু যথা- গাধা, বকরী অথবা গাভী আনা হতো। আর সে তার গায়ে হাত বুলাতো। হাত বুলাতে বুলাতে অনেক সময় সেটা মারাও যেত। এরপর সে (মহিলা) বেরিয়ে আসতো। তাকে বিষ্ঠা দেয়া হতো এবং তা তাকে নিক্ষেপ করতে হতো।

এরপর ইচ্ছে করলে সে খুশবু ইত্যাদি ব্যবহার করতে পারত।

মালিক (রহ.)-কে تَفْتَنُ শব্দের অর্থ জিজ্ঞেস করা হলে তিনি বলেনঃ মহিলা ঐ প্রাণীর চামড়ায় হাত বুলাতো।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৮ : ত্বলাক (বিবাহ বিচ্ছেদ), অধ্যায় ৪৬, হাঃ ৫৩৩৪-৫৩৩৭ মুসলিম, পর্ব ১৮ : ত্বলাক, অধ্যায় ৯, হাঃ ১৪৮৬-১৪৭৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ যায়নাব বিনত আবু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84178>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন